



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৯৩৫/ক/অনু:/২০১৮/ ৮১২

তারিখ: ২১/০৫/১৯

বিষয়: ২০১৯-২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অস্থায়ীভাবে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: অধ্যক্ষের ১৪/০৫/১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ঢাকা মহানগরীর মোহাম্মদপুরে অবস্থিত “সুরেরধারা কলেজ অব মিউজিক” এ ২০১৯-২০ শিক্ষাবর্ষে অস্থায়ীভাবে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছে।

শাখা:

১। সংগীত

বিষয়সমূহ :

আবশ্যিক :
১। বাংলা
২। ইংরেজী
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

সংগীত :
১। লঘু সঙ্গীত
২। উচ্চাঙ্গ সঙ্গীত
৩। অর্থনীতি
৪। পৌরনীতি ও সুশাসন
৫। ইতিহাস

শর্তঃ

- ১। ২০১৯-২০ শিক্ষাবর্ষের মধ্যে অবশ্যই মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্ত হতে হবে এবং বোর্ড কর্তৃক চূড়ান্ত অনুমোদন নিতে হবে, অন্যথায় স্বয়ংক্রিয়ভাবে এই আদেশ বাতিল হবে।
- ২। এই অনুমতির মেয়াদ আগামী ০১ (এক) বছর কার্যকর থাকবে।
- ৩। এই অনুমোদনের ফলে কলেজে নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন ভাতাদি কলেজের নিজস্ব তহবিল থেকে পরিশোধ করতে হবে।
- ৪। কলেজে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এনটিআরসিএ দ্বারা নিবন্ধনকৃত হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।
- ৫। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৬। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৭। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৮। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

- ৯। EIIIN উল্লেখ করে অতিসড়র কলেজ কোড নম্বরের জন্য আবেদন করতে হবে।
- ১০। আগামী ০৩(তিন) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করে অনলাইনে বোর্ডের অনুমোদন নিতে হবে।
- ১১। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- সঙ্গীত শাখা ১০০ জন।
- ১২। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১৩। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে ছাত্র/ছাত্রী ভর্তি করে যথাসময়ের মধ্যে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।
- ১৪। কলেজের জন্য ব্যবহৃত ভবনে অন্য কোন ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১৫। আগামী ০১(এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে ভবন নির্মাণ করে বোর্ডের অনুমতিক্রমে ক্যাম্পাস স্থানান্তর করতে হবে।
- ১৬। ছাত্র/ছাত্রীর সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে।
- ১৭। উল্লেখ্য, প্রতি পঞ্জিকাবর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডি'র ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ১৮। এ অনুমতিপত্রে উল্লিখিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ অনুমোদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১৫২৩৬ (অফিস)
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

সুরেরধারা কলেজ অব মিউজিক
মোহাম্মদপুর, ঢাকা

মেমো নং- ১১২ (১)

তারিখ: ২১/০৫/১২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি, বারিধারা স্কলার্স ইনস্টিটিউট, ডিওএইচএস, বারিধারা, ঢাকা ক্যান্টনমেন্ট।
- ৮। অফিস কপি।


কলেজ পরিদর্শক ২১/০৫/১২

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

